Charter Revision Commission

# চার্টার রিভিশন কমিশনের ফাইনাল মিটিং

**সোমবার, 21 জুলাই, 2025-এর দুপুর 1টা**
**Landmarks Preservation Commission Public Hearing Room**
**(ল্যান্ডমার্কস প্রিজার্ভেশন কমিশন পাবলিক হিয়ারিং রুম)**
**253 Broadway, 2nd Floor, New York, NY 10007**
*ভবনে প্রবেশের জন্য একটি সরকারি পরিচয়পত্র সঙ্গে আনবেন।*

## পাবলিক মিটিংয়ের নোটিশ

নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশন সোমবার, 21 জুলাই, 2025-এর দুপুর 1টায় একটি পাবলিক মিটিংয়ের আয়োজন করেছে। উক্ত মিটিংটি নিউ ইয়র্ক ল্যান্ডমার্কস প্রিজার্ভেশন কমিশন পাবলিক হিয়ারিং রুম, 253 ব্রডওয়ে, সেকেন্ড ফ্লোর, নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক 10007 -এ অনুষ্ঠিত হবে। ভবনে প্রবেশের জন্য সরকারি পরিচয়পত্র প্রয়োজন।

কমিশনকে নিউ ইয়র্ক সিটি সনদপত্রে সংশোধনের বিষয়টি বিবেচনা করার ক্ষমতা প্রদান করা হয়েছে, যা 4 নভেম্বর, 2025 সালের সাধারণ নির্বাচনে অথবা আইনের অধীন নির্ধারিত অন্য কোনো নির্বাচনের তারিখে ভোটারদের সামনে উপস্থাপন করা যেতে পারে।

**এই মিটিংয়ি সর্বসাধারণের জন্য উন্মুক্ত।** তার কারণ এটি একটি পাবলিক মিটিং এবং পাবলিক শুনানি নয়, সর্বসাধারণ চাইলে কমিশনের আলোচনা পর্যবেক্ষণ করতে পারবে, তবে কমিশনের সামনে সাক্ষ্য দেওয়ার সুযোগ থাকবে না।

সমস্ত পাবলিক শুনানি এবং মিটিং লাইভস্ট্রিম করার একটি লিঙ্ক কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে, www.nyc.gov/charter.

**মিটিং পর্যবেক্ষণ করার জন্য আমার সাহায্যের প্রয়োজন হলে কী করব?**
এই লোকেশনটি হুইলচেয়ার অথবা অন্যান্য মোবিলিটি ডিভাইস ব্যবহারকারী অ্যাক্সেস করতে পারবেন। আমেরিকান সাইন ল্যাঙ্গোয়েজ এবং স্প্যানিশ ইন্টারপ্রিটেশন অনলাইনে এবং অনসাইটে প্রদান করা হবে। আপনি যে মিটিংয়ে অংশগ্রহণ করবেন, সেটি শুরু হওয়ার অন্তত 48 ঘণ্টা আগে ভাষার ইন্টারপ্রিটেশন এবং/অথবা অন্যান্য অ্যাক্সেসিবিলিটি অনুরোধ করুন CharterInfo@citycharter.nyc.gov-তে ইমেইল করে অথবা 212-788-0014 নম্বরে কল করে ও ভয়েস মেল পাঠিয়ে। যতদূর সম্ভব হয়, সমস্ত অনুরোধ পূরণ করা হবে।

এই ওয়েবসাইটটি ভিজিট করে নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশনের ব্যাপারে **আরও জানুন**- www.nyc.gov/charter।